অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/25/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

বিরাজমান COVID-19 বৈশ্বিক মহামারী চলাকালে, স্টেটের সার্জ হেলথকেয়ার ফোর্সে স্বেচ্ছাসেবক হিসেবে যোগ দিতে 40,000 স্বাস্থ্য কর্মী নামাঙ্কিত করেছেন বলে ঘোষণা দিয়েছেন গভর্নর কুউমো

6,000-এর অধিক মানসিক স্বাস্থ্য পেশাদার ব্যক্তি যুক্ত হয়েছেন বিনা খরচে অনলাইন মানসিক স্বাস্থ্য সেবাদান সরবাহ করতে - নিউ ইয়র্কবাসী সাক্ষাতের সময়সূচি নির্ধারণের জন্য কল করতে পারবেন 1-844-863-9314-এ

ফেডারেল সরকারকে সরঞ্জাম ও কর্মীদের 'রোলিং ডিপ্লয়মেন্ট' বাস্তবায়নের আহ্বান জানানো হয়েছে

NYC সামাজিক দূরত্বের নীতিগুলোর প্রতি আনুগত্যের অভাব সমাধানের পরিকল্পনা করছে যাতে পরীক্ষামূলকভাবে অন্তর্ভূক্ত আছে গাড়ি চলাচলের জন্য রাস্তাগুলো বন্ধ করে দেয়া এবং পথচারীদের জন্য তা উন্মুক্ত করা

সম্মুখে নিযুক্ত মেডিকেল কর্মীদের জন্য 57th স্ট্রিটের ফোর সিজনস হোটেল বিনামূল্যে কক্ষ যোগান দেবে

PSC ইউটিলিটিসমূহকে মূল্যবৃদ্ধি স্থগিত করার নির্দেশ দিয়েছে, যা প্রায় 2 মিলিয়ন পরিবার ও ব্যবসা প্রতিষ্ঠানকে ত্রাণ সরবরাহ করছে

নিউ ইয়র্ক স্টেটে আরও 5,146টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 30,811-তে উন্নীত করে; নতুন ঘটনাসমূহ 36 টি কাউন্টিতে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা করেছেন যে চলমান করোনাভাইরাস ডিজিজ 2019 (Coronavirus disease 2019, COVID-19) বৈশ্বিক মহামারীর মাঝে স্টেটের সার্জ হেলথকেয়ার ফোর্সে স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণ করতে অবসরপ্রাপ্ত ও শিক্ষার্থীসহ, এখন পর্যন্ত 40,000 স্বাস্থ্যসেবা কর্মী নিযুক্ত হয়েছেন, সামনের সপ্তাহগুলোতে আরও যুক্ত হবেন বলে আশা করা হচ্ছে। অতিরিক্তভাবে, নিখরচায় অনলাইন মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহ করতে 6,000-এরও বেশি

মানসিক স্বাস্থ্য পেশাদারগণ যোগদান করেছেন। নিউ ইয়র্কবাসীরা খরচ ছাড়াই সাক্ষাতের সময়সূচি নির্ধারণের জন্য কল করতে পারবেন স্টেটের বাতায়নে 1-844-863-9314-এ।

গভর্নর কুউমো আরও ঘোষণা করেছিলেন যে সামাজিক দূরত্বের নিয়মসমূহের প্রতি আনুগত্যের অভাব মোকাবেলায় নগরীর পরিকল্পনার অংশ হিসাবে নিউ ইয়র্ক সিটি যানবাহনের জন্য সড়কসমূহ পরীক্ষামূলকভাবে বন্ধ করবে এবং সেগুলো পথচারীদের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। এই পরিকল্পনার অংশ হিসাবে, গভর্নর একটি ভলান্টারি প্লেগ্রাউন্ড সোশ্যাল ডেনসিটি প্রোটোকল তৈরি করছেন যা বাস্কেটবলের মতো ঘনিষ্ঠতা যুক্ত ক্রিড়াসমূহকে নিষিদ্ধ করে।

গভর্নর একই সাথে সমগ্র দেশে সীমিত পরিমাণে সরবরাহ করার পরিবর্তে উচ্চ সংখ্যক ইতিবাচক COVID-19 আক্রান্তের ঘটনা আছে এমন হটস্পটে অঞ্চলের জরুরি চাহিদা সমাধানের জন্য সরঞ্জাম ও কর্মীদের একটি "রোলিং ডিপ্লয়মেন্ট" কার্যকর করার জন্যও ফেডারেল সরকারকে আহ্বান জানান। এই নকশার অংশ হিসাবে, গভর্নর নিউ ইয়র্ক স্টেটের হাসপাতালে রোগী ভর্তির সংখ্যা হ্রাস শুরু হওয়ার সাথে সাথে দেশজুড়ে পরবর্তী হটস্পটগুলোতে রসদ ও সরঞ্জামাদি এবং প্রযুক্তিগত সহায়তা ব্যক্তিগতভাবে ব্যবস্থাপনার প্রতিশ্রুতি দিয়েছেন।

তাছাড়া গভর্নর ঘোষণা করেছেন যে ম্যানহাটনের 57th স্ট্রিটের (57th street) ফোর সিজনস হোটেল (Four Seasons Hotel) এমন কয়েকটি হোটেলের মধ্যে প্রথম যা এই সংকটের মূহুর্তে নার্স, ডাক্তার এবং চিকিৎসা কর্মীদের জন্য আবাসন হিসাবে তাদের ফ্যাসিলিটি প্রদান করে। 350টি কামরা বিশিষ্ট হোটেলটি বর্তমানে করোনভাইরাস প্রাদুর্ভাবের প্রতি প্রতিক্রিয়ায় কর্মরত চিকিৎসা কর্মীদের জন্য বিনামূল্যে সেবা সরবরাহ করবে।

"নিউ ইয়র্ক হল ক্যানারি ইন দ্যা কোল মাইন - আমাদের স্টেটে সবচেয়ে বেশি ইতিবাচক আক্রান্তের সংখ্যা রয়েছে এবং সরঞ্জাম ও কর্মীদের জন্য সবচেয়ে জরুরি প্রয়োজন আছে এখানেই," **গভর্নর কুওমো বলেন।** "আমরা পরিস্থিতিকে স্বাভাবিক করতে এবং সংক্রমণের হারকে ধীর করার জন্য যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছি যাতে হাসপাতালে ভর্তির জন্য আগত রোগীর চাপ আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে আচ্ছন্ন করতে না পারে। হাজার হাজার নিউ ইয়র্কবাসী নিঃস্বার্থভাবে আমাদের সার্জ হেলথকেয়ার ফোর্সের অংশ হতে এবং হাসপাতালের রোগীর স্ফীতি সামলানোর ক্ষমতায় সমর্থন করার জন্য স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করেছে, তবে আমাদের এখন আরও ভেন্টিলেটর (ventilators) এবং আরও হাসপাতাল শয্যার দরকার এবং সেগুলো পেতে আমাদের ফেডারেল সরকারের সহায়তা প্রয়োজন। বিভিন্ন অঞ্চলে বিভিন্ন সময়ে বিভিন্ন বক্রতা দেখা যায়, তবে নিউ ইয়র্ক হল প্রথম এবং এই বিষয়টি পার করে যাওয়ার পরে আমরা আমাদের অভিজ্ঞতা এবং রসদ ব্যবহার করে অন্যান্য রাজ্যগুলোকে এই বৈশ্বিক মহামারীর মোকাবেলা করতে সাহায্য করতে পারবো।"

গভর্নর কুউমোর নির্দেশ অনুসারে, পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission, PSC) আজ নিউ ইয়র্ক আমেরিকান ওয়াটার (New York American Water, NYAW) ও জাতীয় গ্রিড আপস্টেটের (National Grid upstate) প্রায় 2 মিলিয়ন গ্রাহকের জন্য মূল্যবৃদ্ধি

স্থগিত করার আদেশ অনুমোদন করেছে যা 1লা এপ্রিল কার্যকর হওয়ার কথা আছে। এটি COVID-19 দ্বারা ক্ষতিগ্রস্থ পরিবার এবং ব্যবসা কেন্দসমূহে ত্রাণ সরবরাহ করবে। NYAW'র বৃদ্ধি সেপ্টেম্বরে কার্যকর হবে এবং জাতীয় গ্রিড আপস্টেটের বৃদ্ধি কার্যকর হবে জুলাই মাসে। এগুলো নিউ ইয়র্ক রাজ্যের একমাত্র প্রধান উপযোগিতা যা 1 এপ্রিলে তাদের হার বাড়ানোর কারণে হয়েছিলো। পাবলিক সার্ভিস অধিদপ্তর (Department of Public Service) COVID-19 জনস্বাস্থ্য বিষয়ক জরুরি অবস্থার কারণে অব্যাহত চলাচলের হ্রাসের উপর নির্ভর করে অন্যান্য উপযোগিদের মূল্যবৃদ্ধি বিবেচনা করতে বলছে।

পরিশেষে, গভর্নর আরও 5,146টি নভেল করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেটে স্টেট রাজুজুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 30,811-তে উন্নীত করে। মোট 30,811 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	**মোট ইতিবাচক**	**নতুন ইতিবাচক**
Albany	152	6
Allegany	2	0
Broome	11	2
Cayuga	2	0
Chautauqua	1	1
Chemung	1	0
Chenango	3	0
Clinton	10	2
Columbia	12	1
Cortland	2	0
Delaware	5	2
Dutchess	153	29
Erie	122	15
Essex	4	1
Franklin	1	1
Fulton	1	0
Genesee	2	1
Greene	4	0
Hamilton	2	0
Herkimer	5	1
Jefferson	2	0
Livingston	3	0
Madison	7	2
Monroe	118	22

Montgomery	4	1
Nassau	3285	416
Niagara	12	1
NYC	17856	2952
Oneida	9	1
Onondaga	65	5
Ontario	9	2
Orange	638	140
Orleans	2	0
Oswego	2	0
Otsego	2	1
Putnam	84	17
Rensselaer	31	1
Rockland	968	297
Saratoga	64	4
Schenectady	55	9
Schoharie	2	1
St. Lawrence	1	0
Steuben	8	3
Suffolk	2260	380
Sullivan	39	9
Tioga	1	0
Tompkins	16	0
Ulster	65	18
Warren	2	0
Washington	4	1
Wayne	7	1
Westchester	4691	800
Wyoming	4	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন